INDIA NON JUDICIAL

৭৫০ রু.  Rs 750

भारत

सात सौ पचास रुपया  SEVEN HUNDRED & FIFTY RUPEES

২৫,৫০০ টাকা মূল্যের ভূসম্পত্তি বিক্রয়ের নিঃস্বত্ব

সাফ বিক্রয় কোবালা ।

কোবালা গ্রহীতা :-

শ্রী বিমলেন্দু শেখর চক্রবর্ত্তী,
পিতা শ্রী প্রভাত চন্দ্র চক্রবর্ত্তী,
জাতি হিন্দু, পেশা - চাকুরী,
সাকিম গুরদহ, নূতনপল্লী,
শ্যামনগর ] থানা - জগদ্দল,
জেলা - ২৪ পরগণা ।

কোবালা দাতা :-

১। শ্রী নৃপেন্দ্র চন্দ্র চ্যাটার্জি
২। শ্রী পিযূষ কান্তি চ্যাটার্জি,
উভয়ের পিতা ঁ নরেন্দ্র চন্দ্র
চ্যাটার্জি, সাকিম ৫১।২৫ দমদম
রোড, থানা - দমদম, জেলা - ২৪ পং
৩। শ্রী সুধীন আচার্য্য -
৪। শ্রী সুদেব আচার্য্য
উভয়ের পিতা ঁ পরিমল আচার্য্য
জাতি - হিন্দু, পেশা - চাকুরী,
সাকিম - শান্তপল্লী, বাঁশদ্রোনী,
থানা - টালিগঞ্জ, জেলা - ২৪ পরগণা

750 Rs.

INDIA NON JUDICIAL

৭৫০ রু. Rs 750

भारत

सात सौ पचास रुपया SEVEN HUNDRED & FIFTY RUPEES

২

কস্য ওয়ারিশ সূত্রে প্রাপ্ত নিস্কর রায়তি দখলী স্বত্ব বিশিষ্ট বাস্তু জমি সায় তদুপরিস্থিত অসম্পূর্ন পাকা একতলা বাটী সম্পত্তি সায় তৎ সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্ব সমেত দরবস্তু হক হকুক ভূসম্পত্তি বিক্রয়ের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যন্বঃগে :—

জেলা ২৪ পরগণা পরগণে পন্বঃনু গ্রাম সাবরেজেস্ট্রী কাশীপুর দমদম থানা দমদম এলাকাধীন আলিপুর কালেকটারীর ডিহি পন্বঃনু গ্রাম প্রাপ্ত ডিভিসন ১ সাবডিভিসন ১১ হোলডিং নং ৩৮ ও অত্র জেলার কালেকটারী র ১২৯৮/২৮৩৩ নং তৌজির বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা জেলার কালেকটার বাহাদুরের অধীন নিস্কর জমাভুক্ত এবং সাউথ দমদম মিউনিসিপ্যালিটির সাবেক ৭, ২৭, ৩৮, ৮৯ , হাল ১৬৬ নং মহেন্দ্র চন্দ্র গার্ডেন রোড হোলডিং ভুক্ত মৌজা পূর্ব্ব সিঁথি গ্রামে বিগত গভর্ণমেন্ট ডিষ্ট্রিকট্ সার্ভে সেটেলমেন্ট জরীপের জেঃ এলঃ নং ২২ , রেঃ সাঃ নং ১১ ( জি. ডি. ১ )

15 Rs.

पन्द्रह रुपया

१५रु. भारत INDIA 15Rs

FIFTEEN RUPEES

৩

( জি·ডি·১ ) তৌজি নং ১২৯৮/২৮৩৩ মৌজা পূর্ব সিঁথি ৭২৬ নং খতিয়ান ভূ·ঙ· ·৪৫১৩ শতক জমি জমা সহ সাউথ দমদম মিউনিসিপ্যালিটির তৎকালীন ৭নং পরে ২৭ নং তৎপরে ৩৮ পর ৮৯ এবং বর্তমানে ১৬৬ নং মহেন্দ্র চন্দ্র গার্ডেন রোডস্থ কমবেশী ১৬/ষোল বিঘা হাল মাপে কমবেশ ১২।১ বার বিঘা ছয় কাঠা

1Re50nP

INDIA

এক রুপয়া পচাস নয়ে পৈসে

ONE RUPEE भारत FIFTY NAYE PAISE



ছয় কাঠা জমি যায় তদ্‌পরিস্থিত বৃক্ষাদি ও ইজমেন্ট স্বত্ত্বাদি সহ সম্পত্তি পূর্ব্বে শ্রী হিরন চন্দ্র মিত্র , শ্রী সারদা চরন মিত্র ও শ্রী মোক্ষদা চরন মিত্র দিগরের পৈতৃক এজমালি সম্পত্তি থাকে ।

পরে সন ...

পরে সন ১৩২৩ সালের ২৮ শে পৌষ তারিখে এককেতা রেজেষ্ট্রীকৃত সাফ কোবালার দ্বারা শ্রী হিরন চন্দ্র মিত্র ও শ্রী সারদা চরণ মিত্র উক্ত সম্পত্তির $\frac{৫}{৮}$ রকম অংশ জনৈক হরিশংকর পালকে বিক্রয় করিয়া তাহা হইতে নিঃস্বত্ব ও দখলহীন হয়েন। উক্ত কোবালা আলিপুর সদর সাবরেজেষ্ট্রী অফিসের ইং ১৯১৭ সালের বুক নং ১, ভলুম নং -১৪, পৃষ্ঠা নং ১৯ হইতে ২৪, বিয়িং নং ১৪৪ উল্লেখ রেকর্ড হইয়া লিপিবদ্ধ আছে।

পরে উক্ত মোক্ষদা চরন মিত্র উক্ত সম্পত্তির $\frac{১}{৮}$ রকম অংশ উক্ত হরিশংকর পাল মহাশয়কে সন ১৩২৩ সালের ২রা মাঘ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রী কৃত এককেতা সাফ কোবালার দ্বারা বিক্রয় করিয়া তাহা হইতে নিঃস্বত্ব ও দখলহীন হয়েন। উক্ত কোবালা আলিপুর সদর সাবরেজেষ্ট্রী অফিসের বুক নং -১, ভলুম নং - ৩১, পৃষ্ঠা নং ১২ হইতে ১৫, বিয়িং নং ১৪৩ উল্লেখে রেকর্ড হইয়া লিপিবদ্ধ আছে।

উপরোক্ত প্রকারে উক্ত হরিশংকর পাল পূর্ব সিঁথি মৌজার উপরোক্ত সাবেক ৭২৬ নং হাল খন্ড ১৪১ নং খতিয়ান ভুক্ত মোট ৪৫৩১ শতক জমিজমা সহ মোট ১২।৬ বার বিঘা ছয় কাঠা জমিজমার মালিক স্বত্বাধিকারী হয়েন।

উক্ত মোক্ষদা চরণ মিত্রর কাছ কাছ হইতে তাঁহার $\frac{১}{৮}$ রকম অংশ উক্ত হরিশংকর পাল মহাশয় খরিদ করিবার কালে উক্ত মোক্ষদা চরন মিত্রর একটি মর্টগেজী দেনা বিজয় কৃষ্ণ সাহার কাছে থাকে। উক্ত মর্টগেজের দেনা হরিশংকর পাল মহাশয় পরিশোধ করিয়া দেন। এবং উক্ত বিজয় কৃষ্ণ সাহার নিকট হইতে একটী রিলিজ দলিল ১৩।৮।১৭ তারিখে সম্পাদিত করাইয়া লয়েন। উক্ত রিলিজ দলিল কলিকাতা রেজেষ্ট্রী

রেজেষ্ট্রী অফিসের বুক নং ১ , ভলুম নং ৬০ , পৃষ্ঠা নং ২৮৮ হইতে ২৯০ , বিয়িং নং ১৮০৪ উল্লেখে রেকর্ড হইয়া লিপিবদ্ধ আছে ।

উক্ত হরিশংকর পাল উক্ত সমুদয় সম্পত্তি খরিদ করিলেও উক্ত সম্পত্তি খরিদের সমুদয় টাকা হরিশংকর পালের পিতা বটকৃষ্ণ পাল বহন করেন । সেহেতু উক্ত খরিদা সম্পত্তি বটকৃষ্ণ পালের সম্পত্তি হইতেছে এবং হরিশংকর পালের বেনামীতে তিনি উহা খরিদ করেন ।

উক্ত বটকৃষ্ণ পাল তাঁহার স্টেটভুক্ত সম্পত্তি সম্বন্ধে ইং ৩০।৮।১৯১০ তারিখে একটী ট্রাস্ট দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করেন এবং তাঁহার পুত্রগনের মধ্যে হরিশংকর পাল ও হরিমোহন পাল দুয়কে ট্রাস্ট্রী নিযুক্ত করেন ।

বটকৃষ্ণ পালের চারি পুত্র যথাক্রমে ভুতনাথ পাল হরিশংকর পাল হরিমোহন পাল ও পূর্ন চন্দ্র পাল ও অন্যান্য অনেকে উক্ত ট্রাস্ট দলিলের বেনিফিসিয়ারী থাকেন ।

ইং ১৯৪১ সালে বটকৃষ্ণ পালের পুত্র পূর্ন চন্দ্র পাল তাঁহার স্ত্রী ও পুত্রগণ কলিকাতা হাইকোর্টে উক্ত ট্রাস্ট ভুক্ত সম্পত্তি সম্বন্ধে ট্রাস্টীগনের বিরুদ্ধে ৯১৭।১৯৪১ নং এক মোকর্দ্দমা আনয়ন করিলে ট্রাস্টীগণ উহার বিরুদ্ধে কলিকাতা হাইকোর্টে ১৯৪১ সালের ১১২৬ নং মোকর্দ্দমা আনয়ন করেন ।

উপরোক্ত দুই মোকর্দ্দমা ইং ১৫।১।১৯৫২ তারিখে ডিক্রী হইয়া পার্টীশন কমিশনারের নিযুক্ত হয়েন । পার্টীশন কমিশনারের এওয়ার্ড অনুসারে ভুতনাথ পালের নির্দিষ্ট সম্পত্তির ১/৫ রেকম অংশ মালিক ৬/২ ছয় বিঘা দুই কাঠা জমি

জমি যাহা তদানিন্তন ৭ নং পরে ২৭ নং এবং বর্তমানে ৩৮ নং মহেন্দ্র চন্দ্র গার্ডেন রোড প্রেমিসেস ভুক্ত হইতেছে । তাহা নিতাই চরন পালের অংশে বন্টনাকৃত ও নির্দিষ্ট হয় ।

পরে উক্ত নিতাই চরণ পাল মহাশয় উক্ত সম্পত্তির যাহা জেলা ২৪ পরগণা থানা দমদম সাবরেজেস্ট্রী অফিস কাশী পুর দমদম অধীন সাউথ দমদম মিউনিসিপ্যালিটির সাবেক ৭ নং পরে ২৭ নং অধুনা ৩৮ নং মহেন্দ্র চন্দ্র গার্ডেন রোড হোলডিং ভুক্ত সম্পত্তি হইতেছে তাহার উন্নতি সাধন করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র প্লট বিভক্ত করেন এবং তাহার একটী স্কীম প্রস্তুত করিয়া নকসা প্রস্তুত করত তাহা বিক্রয় করিবার জন্য প্রচার ও ঘোষণা করিয়া ইতিমধ্যে কয়েকটি প্লট বিভিন্ন ব্যক্তিকে বিভিন্ন তারিখে রেজেস্ট্রীকৃত সাফ্ কোবালার দ্বারা বিক্রয় করিয়া তাহা হইতে নিঃস্বত্ব ও দখলহীন হয়েন ।

পরে উক্ত স্কীম ভুক্ত প্লট গুলির মধ্য হইতে ৪ নং প্লট ভুক্ত মাপসুরও একবন্দে ৩২০ তিন কাঠা কুড়ি স্কোয়ার ফুট যাহা পূর্ব্ব সিঁথি মৌজার সাবেক ৭২৬ নং খতিয়ানের ৫৮২ নং দাগভুক্ত হইতেছে । এবং সাউথ দমদম মিউনিসিপ্যালিটির ২ নং ওয়ার্ডের ৪ নং সার্কেলের সাবেক ২৭ হাল ৩৮ নং মহেন্দ্র চন্দ্র গার্ডেন রোড হোলডিং ভুক্ত হইতেছে তাহা ৩ নং দমদম রোড সাকিমের শ্রী নরেন্দ্র চন্দ্র চ্যাটার্জির স্ত্রী শ্রী মতী মৃনালিনী দেবী ইং ২২।১১।১৯৫৫ তারিখে রেজেস্ট্রী কৃত এককেতা সাফ কোবালার দ্বারা উক্ত শ্রী নিতাই চন্দ্র পাল মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া মালিক দখলীকার হয়েন । উক্ত কোবালা কাশীপুর দমদম সাবরেজেস্ট্রী অফিসের ইং ১৯৫৫ সালের বুক নং ১ , ভলুম নং ১৩১ , পৃষ্ঠা নং ১ হইতে ৭ , বিয়িং নং ৮৯১৮ উল্লেখে রেকর্ড হইয়া লিপিবদ্ধ আছে ।

আছে ।

তদবধি উক্ত শ্রী মতী মৃনালিনী দেবী উক্ত সম্পত্তি নিজ খাসে রাখিয়া অপরের নিঃরাগে বিনা আপত্তিতে নির্ব্বিবাদে ভোগ দখল করিতে থাকা কালীন উক্ত সম্পত্তির উপর গৃহ নির্ম্মান করিবার জন্য সাউথ দমদম মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করাইয়া এবং উক্ত মিউনিসিপ্যালিটি হইতে প্ল্যান সাংশন করাইয়া লয়েন । তিনি উক্ত প্ল্যান অনুসারে উক্ত জমির উপর পাকা গৃহাদি নির্ম্মান করিবার ব্যবস্থা করেন । কিন্তু গৃহাদি অসম্পূর্ন অবস্থায় রাখিয়া তিনি তাঁহার স্বামী নরেন্দ্র নাথ চ্যাটার্জ্জি দুই পুত্র শ্রী নৃপেন্দ্র চন্দ্র চ্যাটার্জ্জি ও শ্রী পীযুষ কান্তি চ্যাটার্জ্জি দুই কন্যা শ্রীমতী নিলীমা আচার্য্য স্বামী পরিমল আচার্য্য ও শ্রী মতী বিনাপানী চ্যাটার্জ্জি দিগকে রাখিয়া ইং২১।১২।৫: তারিখে পরলোক গমন করেন ।

সেমতে তাঁহার পরিত্যক্ত উক্ত সম্পত্তি তাঁহার ওয়ারিশান ক্রমে তাঁহার উক্ত পুত্র কন্যাগণ মালিক দখলীকার হইয়া উক্ত সম্পত্তি এজমালিতে ভোগদখল করিতে থাকাকালীন এক কন্যা শ্রী মতী নিলী মা আচার্য্য ইং ৫।১।৭৫ তারিখে কেবল মাত্র দুই পুত্র শ্রী সুধীন আচার্য্য ও শ্রী সুদেব আচার্য্য দিগকে রাখিয়া পরলোক গমন করেন । এবং অপর কন্যা শ্রীমতী বিনাপানী চ্যাটার্জ্জি ও পিতা শ্রী নরেন্দ্র নাথ চ্যাটার্জ্জি উভয়ে ইং ৪।১।৬২ তারিখে রেজেষ্টীকৃত এককেতা দানপত্র দলিল দ্বারা উক্ত সম্পত্তিতে তাঁহার সমুদয় অংশ শ্রী নৃপেন্দ্র চন্দ্র চ্যাটার্জ্জি ও শ্রী পীযুষ কান্তি চ্যাটার্জ্জি দুয়ে দান করিয়া তাহা হইতে নিঃস্বত্ব ও দখলহীন হয়েন । উক্ত দানপত্র দলিল আলিপুর সাবরেজেষ্ট্রী অফিসের ইং ১৯৬২ সালের বুক নং ১ , ভলুম নং ১২ , পৃষ্ঠা নং ১১২ হইতে ১১৬ , বিয়িং নং ৬১ উল্লেখে রেকর্ড হইয়া লিপিবদ্ধ আছে ।

আছে ।

উপরোক্ত প্রকার মতে কোবালা দাতাগণ শ্রী নৃপেন্দ্র চন্দ্র চ্যাটার্জি , শ্রী পীযূষ কান্তি চ্যাটার্জি , শ্রী সুধীন আচার্য্য ও শ্রী সুদেব আচার্য্য আমরা সকলে উক্ত মৃনালিনী দেবীর খরিদা সম্পত্তির মালিক দখলী কার হইয়া এতাবৎকাল অন্যের নিঃরাংশে বিনা আপত্তিতে নির্ব্বিবাদে এজমালী তে ভোগদখল করিয়া আসিতেছি ।

বর্ত্তমানে উক্ত সম্পত্তিতে গৃহনির্ম্মান করনার্থ আছে । আমাদের পক্ষে পর্য্যাপ্ত অর্থ প্রদানের অন্তরায় হেতু বৈধ কারণে উহা বিক্রয়ের জন্য প্রচার ও ঘোষণা করায় আপনি উক্ত সম্পত্তি বর্ত্তমান বাজার চলিত সর্ব্বোচ্চ মূল্য ২৫,৫০০্ পঁচিশ হাজার পাঁচশত টাকা মূল্য পণে খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমাদিগের নিকট প্রস্তাব করিলে আমরা আপনার প্রস্তাবে সম্মত হইয়া এবং পণ মূল্য বাজার চলিত সর্ব্বোচ্চ বিবেচনা করতঃ আপনাকে ক্রেতা সাব্যস্ত করিয়া ইং ৮।৫।৭৫ তারিখে আপনার নিকট হইতে পনের অন্দরে ৫০১্ পাঁচশত একটাকা বায়না বাবদ অগ্রিম গ্রহণ করিয়া এককেতা বায়না পত্র দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিয়াছি । এক্ষনে অদ্যকার তারিখে আপনার নিকট হইতে পণের বক্রী ২৪৯৯৯্ চব্বিশ হাজার নয়শত নিরানব্বই টাকা নগদ প্রাপ্ত হইয়া এবং পণের সমুদয় ২৫,৫০০্ পঁচিশ হাজার পাঁচশত টাকা নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্নিত উক্ত ৩ ২০ তিন কাঠা কুড়ি স্কোয়ার ফুট পরিমিত জমি সায় তদুপরিস্থিত অসম্পূর্ন পাকা বাটী ভূসম্পত্তি যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় চারিধার লাল রঙের সী মারেখার দ্বারা রঞ্জিত হইয়া বিশেষভাবে প্রদর্শিত হইয়াছে তাহা সায় তৎ সংক্রান্ত যাবতী য় ইজমেন্ট স্বত্ব সমেত সম্পত্তি অদ্যকার তারিখে আপনাকে বিক্রয় করিয়া ও তাহার খাস দখল দিয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা

কোবালা আপনার নামে বরাবর অদ্যকার তারিখে সহি সম্পাদন করিয়া দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামীত্ব নড্য হক হকিয়ৎ ও দখল ছিল বা আছে তাহা অদ্যকার তারিখ হইতে সম্পূর্ন ও সর্ব্বোতভাবে লোপ ও রহিত হইল এবং উহা সম্পূর্ন ও সর্ব্বোতভাবে আপনাকে অর্শাইল ও বর্তাইল। আমরা ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে উহা হইতে সম্পূর্ন নিঃস্বত্ব ও দখলহীন হইলাম এবং উহাতে আমাদের আর কোন দাবী দাওয়া বা ওজর আপত্তি রহিল না। ভবিষ্যতে যদি কেহ কোনরূপ ওজর আপত্তি বা দাবী দাওয়া করে বা আমরা করি তাহা বাতিল নামঞ্জুর ও সর্ব্ব আদালতে কর্তৃক অগ্রাহ্য হইবে। আপনি অদ্যকার তারিখ হইতে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে উক্ত সম্পত্তিতে আমাদের যাবতীয় নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া মিউনিসিপ্যালিটিতে নিজ নামে পত্তন করাইয়া ট্যাক্সাদি যথাযথ সরবরাহ করিয়া দান বিক্রয়াদী সর্ব প্রকার হস্তান্তরের মালিক হইয়া পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ও নির্ব্বিবাদে উক্ত সম্পত্তি ভোগ দখল করুন।

প্রকাশ থাকে যে উক্ত সম্পত্তি আমরা কোন প্রকার দায় সংযুক্ত করি নাই বা করা নাই বা কোন বন্ধক জামিনাদীতে উহা জড়িত বা আবদ্ধ নাই বা উহাতে কোন কায়েমী বা সাব কায়েমী প্রজাবিলি নাই বা বাকী খাজনা বা অন্য কোন দেনার দায়ে উক্ত সম্পত্তি কোন আদালত হইতে ক্রোক বা নীলাম বিক্রয় হয় নাই বা কোন আদালত হইতে উহার উপর কোন নিষেধাজ্ঞা জারী নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোনও আদালতে কোনরূপ মামলা মোকর্দ্দমা দায়ের নাই বা কাহারও খোর পোষের জন্য উহার উপর কোন চার্জ নাই বা উহাতে কোন নাবালকের স্বত্ব স্বামীত্ব নাই বা উহা গভর্ণমেন্ট বা কোন

কোন কোম্পানী হইতে এক্ুইজিসান বা রিক্ুইজিসান হয় নাই বা হইবার কোন পরিকল্পনা বা নোটীশ হয় নাই বা উহা কোন ধর্ম্ম সংক্রান্ত বা জন সাধারনের কার্য্যের জন্য অর্পিত নাই বা উহাতে আমরা ব্যতীত আর কোন সরিক নাই বা উহা বিক্রয় বা কোন প্রকা হস্তান্তর করিবার জন্য ইতি পূর্ব্বে আমরা আর কাহারও সহিত বায়না করি নাই বা কোন বায়না অদ্যাবধি বলবৎ নাই বা উহা আমরা ইতিপূর্ব্বে আর কাহাকেও বিক্রয় বা হস্তান্তর করি নাই । উহা সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমাদের নিজ খাস দখলে আছে এবং উহা বিক্রয় করিবার সম্পূর্ন ক্ষমতা স্বত্ব ও অধিকার আমাদের আছে এবং ক্ষমতা স্বত্ব ও অধিকার বলে সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমরা আপনাকে বিক্রয় করিলাম ও তাহার খাস ভেকেন্ট দখল দিলাম ।

ভবিষ্যতে যদি আমাদের উপরোক্ত উক্তি সমূহ সম্পূর্ন বা আংশিক মিথ্যা বা ত্রুটী বলিয়া প্রকাশ পায় এবং তজ্জন্য যদি আপনার স্বত্ব দখলের কোন বিঘ্ন বা হানি হয় তাহা হইলে আপনার যাবতীয় ক্ষতি খেসারৎ মায় পণের বেবাক টাকা আপনার তলবমত আপনাকে আদায় দিতে ও ফেরৎ দিতে আমরা ওয়ারিশান ও স্থলাভিষিক্তপণক্রমে বাধ্য রহিলাম ।

প্রকাশ থাকে যে ভবিষ্যতে যদি অত্র দলিলে কোন ভুল চুক থাকা প্রকাশ পায় তাহা হইলে ভুল সংশোধনের জন্য বা আপনার খরিদা স্বত্ব দৃঢ়তর করিবার জন্য আবশ্যকীয় দলিলাদি আপনার তলবমত আপনার খরচায় আপনার বরাবর সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে আমরা ওয়ারিশান ও স্থলাভিষিক্তপণক্রমে বাধ্য রহিলাম এবং মিউনিসিপ্যালিটী তে আপনার নাম পত্তন কালীন যদি আমাদের উপস্থিত থাকিবার বা কোন অনুমতি সূচক দরখাস্ত দিবার আবশ্যক হয় তাহাও আপনার তলবে ও খরচায়

আপরা থাকিতে ও দিতে বাধ্য রহিলাম ।

আরও প্রকাশ থাকে যে, নিম্ন দলিলের জায়ে লিখিত উক্ত জমি সংক্রান্ত মূল দলিলাদী আমাদের নিকট না থাকায় তাহা উপস্থিত আপনাকে দিতে পারিলাম না । ভবিষ্যতে আপনার প্রয়োজন মতে উহা আপনাকে দিতে, দেখাইতে বা কোর্ট ও অন্যান্য অফিসাদীতে দাখিল করিতে আপনার তলবমত ও আপনার খরচায় আমরা ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরনে অন্যের বিনানুরোধে নিজ নিজ স্বাধীন ইচ্ছা সহকারে ও দলিলের মর্ম সম্যক অবগত হইয়া পণের সমুদয় টাকা নিম্ন জায় মত আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি নকসা সমেত আপনার নাম বরাবর অদ্যকার তারিখে সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি তাং বাংলা ১৩৮২ সালের ১১ই শ্রাবন, ইংরাজী ১৯৭৫ সালের ২৮শে জুলাই।—

তপশীল বিক্রীত সম্পত্তির বিবরণ

জেলা ২৪ পরগণা পরগণে পাঁচানু গ্রাম সাব রেজেষ্ট্রী কাশীপুর দমদম, থানা দমদম, ও সাউথ দমদম মিউনিসিপ্যালিটির সাবেক ৭, ২৭, ৩৮, ৮৯ হাল ১৩৩নং মহেন্দ্র চন্দ্র গার্ডেন রোড হোলডিং ভুক্ত জেলা ২৪ পরগণার কালেকটারীর ডিহি পাঁচানু গ্রাম সংক্রান্ত ডিভিসন ১, সাব ডিভিসান - ১১, হোলডিং নং ৩৮ ও অত্র জেলার কালেকটারীর $\frac{১২৯৮}{২৮৩৩}$ নং তৌজির বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা জেলার কালেকটার বাহাদুরের অধীন নিস্কর জমাভুক্ত মৌজা পূর্ব সিঁথি

পূর্ব সিঁথি গ্রামে বিগত ডিস্ট্রিকট্ সার্ভে সেটেলমেন্ট ও বর্তমান রিভিসন্যাল সেটেলমেন্টের জরীপে জে: এল : নং ২২ , রে: সা: নং ১১ ( জি , ডি , ১ ) তৌজি নং ১২১৮/২৮৩৩ মৌজা পূর্ব সিঁথি সাবেক ৭২৬ হাল খন্ড ১৪১ নং খতিয়ানের অধীন সাবেকও হাল ৫৮২ নং দাগে-৪১৮৯ বাস্তু জমি জমা মধ্যে খাপসুরত কমবেশী ৩ ২০ তিন কাঠা কুড়ি স্কোয়ার ফুট যাহা খরিদা দলিল সংলগ্ন নকসায় ৪ নং প্লট রূপে বর্ণিত আছে তাহা সায় তদুপরিস্থিত অসম্পূর্ন পাকা বাটী সম্পত্তি যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় চারিধার লাল রঙের সীমানার দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত হইয়াছে তাহা সায় উক্ত নকসায় প্রদর্শিত যাতায়াতের পথের যাবতীয় বর্ত্ম ও ইজমেন্ট স্বত্ব সমেত ভূসম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । ইহার চৌহদ্দি :—

উত্তর :— মিউনিসিপ্যালিটির রাস্তা ।

দক্ষিন :— সত্য কাহার পতিত খোলা জমি ।

পূর্ব :— বিশ্বেশ্বর গাঙ্গুলীর বাড়ী ।

পশ্চিম :— গোপাল চন্দ্র সেনের বাড়ী ।

—: দলিলের আয় :—

১। শ্রী হরিশংকর পাল মহাশয়ের নাম বরাবর শ্রী হিরণ চন্দ্র মিত্র ও শ্রী সারদা চরন মিত্র দীগর সন ১৩২৩ সালের ২৮ শে পৌষ তারিখে ~~সম্পাদিত~~ সম্পাদিত বিক্রয় কোবালা যাহা আলিপুর সদর সাব রেজেস্ট্রী অফিসের ইং ১৯১৭ সালের বুক নং - ১ , ভলুম নং ১৪ , পৃষ্ঠা নং ১৯ হইতে ২৪ বিয়িং নং ১৪৪. উল্লেখে লিপিবদ্ধ হইয়া

হইয়া রেকর্ড করা আছে তাহা ............... ১ কেতা ।

২। শ্রী হরি শংকর পাল মহাশয়ের নাম বরাবর শ্রী মোক্ষদা চরন মিত্র সম্পাদিত সন ১৩২৩ সালের ২ রা মাঘ তারিখের রেজেষ্টীকৃত সাফ বিক্রয় কোবালা যাহা আলিপুর সদর সব রেজেষ্ট্রী অফিসের ইং ১৯১৭ সালের বুক নং ১ , ভলুম নং ৩১ , পৃষ্ঠা নং ১২ হইতে ১৫ , বিয়িং ১৪৭৩ উল্লেখে লিপিবধ্য হইয়া রেকর্ড করা আছে - তাহা... ১কেত

৩। শ্রী হরিশংকর পাল মহাশয়ের নাম বরাবর শ্রী বিজয় কৃষ্ণ সাহা দীগর ইং ১৩।৮।১৭ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত রিলিজ পত্র দলিল যাহা কলিকাতা রেজেষ্ট্রী অফিসের ইং ১৯১৭ সালের বুক নং ১ , ভলুম নং ৬০ , পৃষ্ঠা নং ২৮৮ হইতে ২৯০ , বিয়িং নং ১৮০৪ উল্লেখে লিপিবধ্য হইয়া রেকর্ড করা আছে তাহা ......১ কেতা

৪। মহামান্য কলিকাতা হাইকোর্টের আদিম বিভাগে ১৯৪১ সালের ৯১৭ নং এবং ১৯৪১ সালের ১১২৬ নং মোকর্দ্দমার কমিশনার অফ্ পার্টীশনের এওয়ার্ডের জাবেদা নকল ................... ১ কেতা ।

৫। উক্ত কলিকাতা হাইকোর্টের আদিম বিভাগের ১৯৪১ সালে ৯১৭ ও ১১২৬ নং মোকর্দ্দমার চূড়ান্ত নিস্পত্তির রায় ও ডিক্রীর জাবেদা নকল.... ১কেতা

টাকার জমা

---

ইং ৮।৫।৭৫ তারিখে বায়না বাবদ অগ্রিম প্রাপ্ত —— ৫০১ টাকা

অদ্যকার তারিখে প্রাপ্ত দুইশত চল্লিশ কেতা ১০০ টাকার নোট— ২৪০০০ টাকা

নিরানব্বই কেতা ১০ টাকার নোট — ............... ৯৯০ টাকা

নয় কেতা ১ টাকার নোট —— ...................... ৯ টাকা

২৫৫০০

মবলক পঁচিশ হাজার পাঁচশত টাকা

(২) শ্রী শীতাংশু কান্তি চ্যাটার্জী

(৩) শ্রী সুবিমল আচার্য

(৪) শ্রী সুদেব সরকার

শ্রী [signature] চ্যাটার্জী

ইসাদী :—

শ্রী ললিত মোহন দে

কলিকাতা - ৩০.

Lalit Mohan Dey
Pleader, Alipore

শ্রী তারা পদ মজুমদার

কলিকাতা - ৩০।

টাইপ কারক :—

~~শ্রী অমরেন্দ্র নাথ দাস।~~

শ্রী অমরেন্দ্র নাথ দাস ।

সিভিল কোর্ট ( শিয়ালদহ )

কলিকাতা - ১৪ ।

R.S kh no - 941

URBAN SURVEY OFFICE

L.R. Kh - 2389

04.01.2017

R.S plot 582

RS — 662

LR plot NO — 2420

LR Khaitan NO — 2389

Sub-Registrar
Cossipore Dum Dum